

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৩৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابِ مَنَاقِبِ أَهْلِ)

### আরবী

وَعَن المِسور بْنِ مَخْرَمَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «فَاطِمَةُ بَضْعَةٌ مِنِّي فَمَنْ أَغْضَبَهَا أَوْلَهَا فَيُوْنِينِي مَا آذاها» . مُتَّفق عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (3767 و الرواية الثانية : 5230) و مسلم (93 / 2449)، (6307) ـ

(مُتَّفق عَلَيْهِ)

#### বাংলা

৬১৩৯-[৫] মিসওয়ার ইবনু মাখরামাহ্ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: ফাতিমা আমার (দেহেরই) একটি টুকরা, যে তাকে ক্রোধান্বিত করবে, সে নিশ্চয় আমাকে ক্রোধান্বিত করবে। অপর এক বর্ণনায় আছে, সে যা ঘৃণা করে আমি তা ঘৃণা করি এবং তাকে যা কষ্ট দেয়, আমাকেও তা কষ্ট দেয়। (বুখারী ও মুসলিম)

## ফুটনোট

সহীহ: বুখারী ৫২৩০, মুসলিম ৯৩-(২৪৪৯), তিরমিয়ী ৩৮৬৭, ইবনু মাজাহ ১৯৯৮, আবূ দাউদ ২০৭১, সহীহ আবূ দাউদ ১৮০৭, সিলসিলাতুস সহীহাহ্ ৩৫৩৪, মুসনাদে আহমাদ ১৮৯৪৬, সহীহ ইবনু হিব্বান ৬৯৫৫, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮৩৭০, হিলইয়াতুল আওলিয়া ২/৪০, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৮৪৪৩, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৫১৯৫।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: (بَضْعَةٌ مِنِّي) কারী (রহিমাহুল্লাহ) বলেন, এর অর্থ হলো গোশতের টুকরা। ইমাম মালিক (রহিমাহুল্লাহ) বলেন, নবী (সা.)-এর গোশতের টুকরার চেয়ে কেউ অধিক উত্তম হতে পারে না। (মিরকাতুল মাফাতীহ, ফাতহুল বারী হা, ৩৭৬৭)

(فَمَنْ أَغْضَبَهَا أَغْضَبَهَا الْعُضَبَنِي) সুহায়ল (রহিমাহুল্লাহ) উক্ত বাক্য হতে দলীল গ্রহণ করেছেন, যে ব্যক্তি ফাতিমাহ (রাঃ)-কে গালি দিবে সে ব্যক্তি কাফির, কেননা যে ব্যক্তি ফাতিমা (রাঃ)-কে গালি দিল সে যেন নবী (সা.) -কে গালি দিল। আর যে ব্যক্তি নবী (সা.)-কে গালি দিল সে কাফির।

'আলিমগণ বলেন, এ হাদীস দ্বারা সাব্যস্ত হয়, নবী (সা.)-কে সকল অবস্থায় ও মুহূর্তে কষ্ট দেয়া হারাম। এখানে আরো স্পষ্ট হয় যে, আল্লাহর নবীর মেয়ে ও আল্লাহর শত্রুর মেয়ে একত্রে বিবাহ করা হারাম।

উক্ত হাদীসে নবী (সা.)-এর দুটি মু'জিযাহ্ প্রকাশ পেয়েছে, (১) নবী (সা.) -এর মৃত্যুর পর ফাতিমাহ্ (রাঃ)-এর কিছুকাল জীবিত থাকা। (২) তাঁর পরিবার হতে সর্বপ্রথম ফাতিমা (রাঃ) তার সাথে সাক্ষাত লাভ। (শারহুন নাবাবী হা, ২৪৪৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মিসওয়ার ইবনু মাখরামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন